

## ইবি ডিসির বাসভবন উড়িয়ে দেয়ার হুমকি ছাত্রলীগ নেতার

■ ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা  
ইসলামী বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক  
ড. আবদুল হাকিম সরকারের বাসভবন  
উড়িয়ে দেয়ার হুমকি দিয়েছেন  
বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রলীগের  
আহ্বায়ক কমিটির যুগ্ম-আহ্বায়ক  
সজিবুল ইসলাম সজিব। চাকরির  
দাবিতে গতকাল পরিবার ডিসির সাথে  
কথা বলার এক পর্যায়ে তিনি এই হুমকি  
দেন বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়,  
বিশ্ববিদ্যালয় শাখার বর্তমান ছাত্রলীগের  
আহ্বায়ক কমিটির যুগ্ম-আহ্বায়ক  
সজিবুল ইসলাম সজিব ও আহ্বায়ক  
মাহফুজ সাজনসহ চাকরি প্রত্যাশী  
কয়েকজন গতকাল সকালে  
বিশ্ববিদ্যালয়ের ডিসির বাসভবনে  
আসেন। এ সময় তারা ডিসির নিকট  
চাকরি দাবি করে বিভিন্ন কথা বলেন।  
এক পর্যায়ে তারা ডিসিসহ তার  
বাসভবন কোমা ঘেরে উড়িয়ে দেয়ার  
হুমকি দেয়। পরে দুপুর ১টার দিকে  
সজিব ও সাজনের নেতৃত্বে চাকরি  
প্রত্যাশীরা বিশ্ববিদ্যালয়ের নাইন গেটে  
তাল্লা দিতে চাইলে প্রক্টর ও ছাত্র  
উপদেষ্টা এসে তাদের সরিয়ে দেন। এ  
সময় প্রক্টর অধ্যাপক ড. মাহবুবুর  
রহমান বলেন, যারা বিশ্ববিদ্যালয়ের  
স্বাভাবিক পরিবেশ নষ্ট করতে চায়  
তাদের কোনভাবেই ছাড় দেয়া হবে না।

এদিকে কোনো মারার কথা অস্বীকার  
করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের  
যুগ্ম-আহ্বায়ক সজিবুল ইসলাম সজিব  
বলেন, আমরা কিছু বিষয়ে কথা বলতে  
ডিসি স্যারের নিকট গিয়েছিলাম। ডিসি  
প্রফেসর ড. আবদুল হাকিম সরকার  
বলেন, আমি তাদের ছেলের মত দেখি।  
আশা করি সব ঠিক হয়ে যাবে।